রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মানুষকে দাঁড়িয়ে জুতা পরতে নিষেধ করেছেন।

জাবের রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মানুষকে দাঁড়িয়ে জুতা পরতে নিষেধ করেছেন।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

হাদীসটিতে দাঁড়িয়ে জুতা পরিধান করা থেকে নিষেধ করা হয়েছে। কারণ, বসা অবস্থায় জুতা পরিধান করা সহজ ও আসান। এ বিধানটি ঐ সব জুতার ক্ষেত্রে নির্দিষ্ট যে সব জুতা পায়ে প্রবেশ করাতে কষ্ট করতে হয়। কারণ, তখন যদি কোনো মানুষ দাঁড়িয়ে জুতা পরিধান করে, তখন সম্ভাবনা আছে সে যখন জুতা ঠিক করার জন্য পা উঠাবে তখন পড়ে যাবে। কিন্তু বর্তমানে প্রচলিত জুতা দাঁড়িয়ে পরিধান করাতে কোনো অসুবিধা নেই। তা এ হাদীসের নিষেধের আওতায় পড়বে না। কারণ, বর্তমানে প্রচলিত জুতা দাঁড়িয়ে খোলা ও পরিধান করা সহজ, তার জন্য বসার প্রয়োজন হয় না। বিধানটির ক্ষেত্রে নারী ও পুরুষের মধ্যে কোনো পার্থক্য নেই। কারণ, শরী‘আতের বিধানের ক্ষেত্রে সাধারণত নারী ও পুরুষের কোনো পার্থক্য হয় না। অবশ্য যদি কারো জন্য নির্দিষ্ট হওয়ার ব্যাপারে কোনো প্রমাণ পাওয়া যায়, তাহলে ভিন্ন কথা। কিন্তু এখানে হাদীসটিতে পুরুষের কথা উল্লেখ করার কারণ, পুরুষরাই সাধরণত নারীদের তুলনায় অধিক পরিমাণে বের হয় আবার প্রবেশ করে। এ কারণেই বিশেষভাবে তাদের আলোচনা করা হয়েছে। দেখুন: ইবন উসাইমীনের রিয়াদুস সালেহীনের ব্যাখ্যা (৩/৮৮৬)

https://sunnah.global/hadeeth/bn/show/8944